

লুকমান | Luqman | لُقْمَان

আয়াতঃ ৩১ : ২১

আরবি মূল আয়াত:

وَ إِذَا قِيلَ لَهُمْ اتَّبِعُوا مَا أَنْزَلَ اللَّهُ قَالُوا بَلْ نَتَّبِعُ مَا وَجَدْنَا عَلَيْهِ آبَاءَنَا ۖ
أَوْ لَوْ كَانَ الشَّيْطَانُ يَدْعُوهُمْ إِلَىٰ عَذَابِ السَّعِيرِ ﴿٢١﴾

অনুবাদসমূহ:

আর যখন তাদেরকে বলা হয়, ‘আল্লাহ যা নাযিল করেছেন তোমরা তার অনুসরণ কর’ তখন তারা বলে, ‘বরং আমরা তার অনুসরণ করব যার ওপর আমাদের পিতৃপুরুষদেরকে পেয়েছি।’ শয়তান তাদেরকে প্রজ্বলিত আযাবের দিকে আহ্বান করলেও কি (তারা পিতৃপুরুষদেরকে অনুসরণ করবে)? — আল-বায়ান

তাদেরকে যখন বলা হয়- আল্লাহ যা নাযিল করেছেন তা অনুসরণ কর, তখন তারা বলে- বরং আমরা তারই অনুসরণ করব আমাদের পিতৃ-পুরুষদেরকে যে পথ অনুসরণ করতে দেখেছি। শয়তান যদি তাদেরকে জ্বলন্ত আগুনের শাস্তির দিকে ডাকে, তবুও কি (তারা তারই অনুসরণ করবে)? — তাইসিরুল

তাদেরকে যখন বলা হয় - আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা অনুসরণ কর তখন তারা বলেঃ বরং আমরা আমাদের পিতৃপুরুষদেরকে যাতে পেয়েছি তারই অনুসরণ করব। শাইতান যদি তাদেরকে জ্বলন্ত অগ্নির শাস্তির দিকে আহ্বান করে তবুও কি? — মুজিবুর রহমান

And when it is said to them, "Follow what Allah has revealed," they say, "Rather, we will follow that upon which we found our fathers." Even if Satan was inviting them to the punishment of the Blaze? — Sahih International

২১. আর তাদেরকে যখন বলা হয়, আল্লাহ যা নাযিল করেছেন তোমরা তা অনুসরণ কর। তারা বলে, বরং আমরা আমাদের পিতৃপুরুষদেরকে যাতে পেয়েছি তারই অনুসরণ করব। শয়তান যদি তাদেরকে জ্বলন্ত আগুনের দিকে ডাকে, তবুও কি? (তারা পিতৃ পুরুষদের অনুসরণ করবে?)

-

তাকসীরে জাকারিয়া

(২১) আর যখন তাদেরকে বলা হয়, ‘আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তোমরা তার অনুসরণ কর’, তখন তারা বলে, ‘আমাদের বাপ-দাদাকে যাতে পেয়েছি আমরা তো তাই মেনে চলব।’[1] যদিও শয়তান তাদেরকে দোষখ-যন্ত্রণার দিকে আহ্বান করে (তবুও কি তারা বাপ-দাদারই অনুসরণ করবে)?

[1] অর্থাৎ, আশ্চর্যের বিষয় হচ্ছে যে, তাদের নিকট না কোন জ্ঞান ও যুক্তিগ্রাহ্য প্রমাণ আছে, না কোন পথ প্রদর্শকের পথ-নির্দেশনা এবং না কোন আসমানী গ্রন্থ দ্বারা প্রমাণ। ঠিক যেন তারা যুদ্ধ করে অথচ তাদের হাতে কোন তরবারিও নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3490>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন